

র্যাগিং রুখতে ফুটবলাররাই অস্ত্র

আজকালের প্রতিবেদন: র্যাগিং রুখতে ফুটবলাররাই আদর্শ। ঐক্যবদ্ধ থাকলে অনেক বাধাই জয় করা যায়। গোষ্ঠ পাল থেকে শুরু করে পেলে, মারাদোনার মতো বিশিষ্ট ফুটবলারদের আদর্শ সামনে রেখে র্যাগিংয়ের বিরুদ্ধে সচেতনতা তৈরি করতে চাইছেন যাদবপুরের প্রাক্তন ছাত্র পরাগ সরকার। এক ডজন হোর্ডিংয়ে র্যাগিংয়ের বিরুদ্ধে প্রচার শুরু হয়েছে। হোর্ডিংয়ে বিভিন্ন স্কুল, কলেজের ছাত্র-ছাত্রীদের মডেল হিসেবে ব্যবহার করা হয়েছে। পরাগ জানান, ওই সমস্ত বিখ্যাত ফুটবলাররাও কোনও একদিন খেলা শুরু করেছিলেন। সেদিন তাঁদের কেউ র্যাগিং করেননি। বরং তাঁদের থেকে বয়সে বেশি খেলোয়াড়রা তাঁদের সাহায্য করেছেন। ঐক্যবদ্ধ হয়ে খেলেই তাঁরা মহান হয়েছেন। বয়সে বড় খেলোয়াড়দের থেকে খেলার বিষয়ে জেনেছেন। দলে তাঁদের কী দায়িত্ব পালন করতে হবে সেটাও তাঁদের থেকেই জেনেছেন।



ফুটবলাররা পারলে ছাত্র-ছাত্রীরা পারবে না কেন? উঁচু ক্লাসে পড়া ছাত্র-ছাত্রীরাই নতুনদের বিশ্ববিদ্যালয়ে স্বাগত জানাবে। নানা বিষয়ে সাহায্য করবে। আমরা এখনকার ছাত্র-ছাত্রীদের মধ্যে এই বার্তাটাই ছড়িয়ে দিতে চাইছি। কর্তৃপক্ষ আমাকে র্যাগিংয়ের বিরুদ্ধে সচেতনতা বাড়াতে উদ্যোগ নিতে বলেছিলেন। তাই এই কর্মসূচি নিয়েছি। বিশ্ববিদ্যালয় চত্বরে ১২টি বড় বড় হোর্ডিং দিয়ে র্যাগিংয়ের

বিরুদ্ধে প্রচার করা হবে। এর মধ্যে ১টি হোর্ডিং ইতিমধ্যেই পড়ে গেছে। আগামী দিন দশেকের মধ্যেই বাকি হোর্ডিংগুলিও পড়ে যাবে। পেশায় উত্থাচিত্রের নির্মাতা পরাগ এর আগেও ২০০৬ ও ২০০৯ সালেও বিশ্ববিদ্যালয়ে র্যাগিংয়ের বিরুদ্ধে সচেতনতার প্রচার করেছিলেন। বিশ্ববিদ্যালয়ের ডিন অফ স্টুডেন্টস ড. রজত রায় র্যাগিংয়ের বিরুদ্ধে এই প্রচারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছেন।